



# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

প্রকল্প পরিচালক এর কার্যালয়

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূ-উপরিষ্কার পানি

ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ প্রকল্প

সেচভবন, ২২, মানিক মিয়া এভিনিউ, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭।

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিএডিসি'র আওতাধীন "কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূ-উপরিষ্কার পানি ব্যবহারের জন্য রাবার ড্যাম নির্মাণ প্রকল্প"-এ নিম্ন-বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র প্রকল্প মেয়াদকালের জন্য সাকুল্য বেতনে নিয়োগের নিমিত্ত প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	বয়স সীমা	পদ সংখ্যা	গ্রেড ও স্কেল	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	'ওয়ার্ক সুপারভাইজার'	অনুর্ধ্ব ৩৫ বছর	৮টি	গ্রেড-১০ ১৬,০০০-৩৮,৬৪০/- (সাকুল্য বেতন ২৪,৭০০/-)	কোন স্বীকৃত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন সিভিল ইঞ্জিনিয়ারিং পাস। নির্মাণ কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
২	অফিস সহকারী কাম- কম্পিউটার অপারেটর	অনুর্ধ্ব ৩০ বছর	১টি	গ্রেড-১৬ ৯৩০০- ২২,৪৯০/- (সাকুল্য বেতন ১৭,৩৪৫/-)	কোন স্বীকৃত মহাবিদ্যালয় হতে উচ্চ মাধ্যমিক পাস ও কোন প্রতিষ্ঠান হতে কম্পিউটারে ৬ (ছয়) মাসের প্রশিক্ষণপ্রাপ্ত এবং Windows, Microsoft Office (MS Word, MS Excel, MS Power Point) এবং Bijoy Bangla, Nikosh Software সহ Photoshop ব্যবহারে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বিএডিসি'র যে কোন প্রকল্পে কম্পিউটার অপারেটর পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

### শর্তাবলী :

১। দরখাস্তকারীকে সাদা কাগজে স্পষ্টাক্ষরে ক) নাম খ) পিতা/স্বামীর নাম গ) মাতার নাম ঘ) নিজ জেলার নামসহ স্থায়ী ঠিকানা ঙ) বর্তমান ঠিকানা চ) জন্ম তারিখ ছ) জাতীয়তা জ) বৈবাহিক অবস্থা ঝ) শিক্ষাগতযোগ্যতা ঞ) অভিজ্ঞতা উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করতে হবে। ২। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ৩। ১৮ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রার্থীর বয়স গণনা করা হবে। ৪। প্রার্থীকে দরখাস্তের সাথে শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি এবং সাম্প্রতিক তোলা ২ (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। দাখিলকৃত সকল কাগজপত্র ও ছবি ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে। ৫। জাতীয় পরিচয় পত্র, একজন প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং স্ব-স্ব এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে। ৬। প্রার্থীকে ১৮/০৯/২০১৭ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারী বরাবরে ডাকযোগে/সরাসরি দরখাস্ত জমা দিতে হবে। ৭। প্রকল্পের মেয়াদকাল ৩০ জুন/২০২০ সন পর্যন্ত। সরকার কর্তৃক মেয়াদ বৃদ্ধি করা না হলে প্রকল্পের মেয়াদ শেষে বা তার পূর্বে যে কোন সময়ে চাকুরির মেয়াদের পরিসমাপ্তি ঘটতে পারে। ৮। নিয়োগের ক্ষেত্রে সরকারি নির্দেশাবলী ও নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। ৯। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার মাতা/পিতার মুক্তিযোদ্ধার সনদপত্র (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত) এর সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। ১০। দরখাস্তের সঙ্গে কোন তফশিলি ব্যাংক হতে "Project Director (RDCP)" হিসাবে ৩০০/- (তিনশত) টাকার পে-অর্ডার দাখিল করতে হবে। ১১। অত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত নয়, নিয়োগ সংশ্লিষ্ট এমন কোন বিষয় উত্থাপিত হলে সে ব্যাপারে প্রকল্প পরিচালক, রাবার ড্যাম নির্মাণ প্রকল্প, বিএডিসি, ঢাকা'র সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৭/৫/১৭

আইনিসি সেক. ৩০০/-

বি এ ডি সি, ঢাকা।

(প্রকৌ: ধীরেন্দ্র চন্দ্র দেবনাথ)  
প্রকল্প পরিচালক (RDCP)  
রাবার ড্যাম নির্মাণ প্রকল্প  
বিএডিসি, সেচ ভবন, ঢাকা।  
ফোন: ৯১১৮৬০২